

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৪৬

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ উসমান (রাঃ) এর মাহাত্ম্য

## আরবী

عَنْعَائِشَةَ قَالَتْ كَانَ رَسُوْلُ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ مُضْطَجِعًا فِي بَيْتِي كَاشِفًا عَنْ فَخِذَيْهِ أَوْ سَاقَيْهِ فَاسْتَأْذَنَ أَبُو بَكْرٍ فَأَذِنَ لَهُ وَهُوَ عَلَى تِلْكَ الْحَالِ فَتَحَدَّثَ ثُمَّ اسْتَأْذَنَ عُمَرُ فَأَذِنَ لَهُ وَهُو كَذَٰلِكَ فَتَحَدَّثَ ثُمَّ اسْتَأْذَنَ عُمْمَانُ فَجَلَسَ رَسُوْلُ اللهِ عَلَيْ وَسَوَّى ثِيَابَهُ \_ قَالَ مُحَمَّدٌ وَلاَ كَذَٰلِكَ فَتَحَدَّثَ ثُمَّ اسْتَأْذَنَ عُثْمَانُ فَجَلَسَ رَسُوْلُ اللهِ عَلَيْ وَسَوَّى ثِيَابَهُ \_ قَالَ مُحَمَّدٌ وَلاَ أَقُولُ ذَٰلِكَ فِي يَوْمٍ وَاحِدٍ \_ فَدَخَلَ فَتَحَدَّثَ فَلَمَّا خَرَجَ قَالَتْ عَائِشَةَ دَخَلَ أَبُو بَكْرٍ فَلَمْ تَهْتَشَ لَهُ وَلَمْ تُبَالِهِ ثُمَّ دَخَلَ عُثْمَانُ فَجَلَسْتَ وَسَوَّيْتَ ثِيَابَكَ فَقَالَ أَلا أَسْتَحِى مِنْ رَجُلٍ تَسْتَحِى مِنْهُ الْمَلائِكَةُ

## বাংলা

(২৮৪৬) আয়েশা (রাঃ) বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার বাসায় শুয়ে ছিলেন। তাঁর পায়ের রলা বা উরু থেকে কাপড় সরে ছিল। ইতিমধ্যে আবূ বকর (রাঃ) প্রবেশ-অনুমতি চাইলে তিনি তাঁকে অনুমতি দিলেন। তিনি একই অবস্থায় থেকে তাঁর সাথে কথা বললেন।

অতঃপর উমার (রাঃ) প্রবেশ-অনুমতি চাইলে তিনি তাঁকে অনুমতি দিলেন। তিনি একই অবস্থায় থেকে তাঁর সাথে কথা বললেন।

অতঃপর উসমান (রাঃ) প্রবেশ-অনুমতি চাইলে তিনি তাঁকে অনুমতি দিলেন। কিন্তু তিনি নিজের কাপড় সোজা ক'রে উঠে বসলেন। সুতরাং তিনি প্রবেশ ক'রে তাঁর সাথে কথা বললেন।

অতঃপর তিনি যখন বের হয়ে চলে গেলেন, তখন আয়েশা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললেন, 'আবূ বকর প্রবেশ করলেন, তখন আপনি নড়া-সরা করলেন না এবং তাকে কোন গুরুত্বই দিলেন না, উমার প্রবেশ করলেন, তখনও আপনি নড়া-সরা করলেন না এবং তাকে কোন গুরুত্বই দিলেন না। কিন্তু উসমান প্রবেশ করলেন, তখন আপনি উঠে বসলেন ও কাপড় সোজা করলেন (কী ব্যাপার)?'

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি কি সেই ব্যক্তির কাছে লজ্জাবোধ করব না, যে ব্যক্তির কাছে ফিরিশতা লজ্জাবোধ করেন।



## ফুটনোট

(মুসলিম ৬৩৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন